



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd



এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১

তারিখঃ ০৯ ফাল্গুন, ১৪২৮
২২ ফেব্রুয়ারি, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

এসএমই লিড ব্যাংক নির্বাচন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার নং-০১ তারিখঃ জানুয়ারি ২৪, ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলারের মাধ্যমে প্রতি জেলার জন্য সরকারি ও বেসরকারি ব্যাংক হতে একটি ব্যাংক-কে এসএমই লিড ব্যাংক হিসেবে নির্দিষ্ট করে ২০২১ পঞ্জিকা বর্ষের জন্য জেলাভিত্তিক এসএমই লিড ব্যাংক ক্যালেন্ডার প্রণয়ন করা হয়। একইসাথে এসএমই লিড ব্যাংক সংক্রান্ত করণীয় নির্ধারণকরতঃ নির্ধারিত ক্যালেন্ডার অনুযায়ী দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হয়। এক্ষণে, এসএমই লিড ব্যাংক সংক্রান্ত কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে বিদ্যমান ২০২১ পঞ্জিকা বর্ষের জন্য নির্ধারিত ক্যালেন্ডারটি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, বিদ্যমান এসএমই লিড ব্যাংক ক্যালেন্ডার এবং অন্যান্য নির্দেশনাবলী পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত অনুসরণ করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো। একইসাথে এতদসঙ্গে সংযুক্ত বিবরণী অনুযায়ী লিড ব্যাংক সংক্রান্ত কার্যক্রমের প্রতিবেদন প্রতি ষান্মাসিক শেষে পরবর্তী ১৫ দিনের মধ্যে এ ডিপার্টমেন্টে এবং বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট শাখা অফিসে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাকের হোসেন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২

এসএমই লিড ব্যাংক সংক্রান্ত প্রতিবেদন

ব্যাংকের নামঃ

শাখার নামঃ

জেলার নামঃ

প্রতিবেদনের সময়কালঃ

সভার তারিখ	মোট অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের সংখ্যা	অনুপস্থিত প্রতিষ্ঠানের সংখ্যা	সংক্ষিপ্ত আলোচ্য বিষয়	মন্তব্য

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরঃ

নামঃ

পদবীঃ

মোবাইল নম্বরঃ